VIQARUNNISA NOON SCHOOL & COLLEGE
1/A, New Baily Road, Dhaka-1000
e-mail: vnsc_bd@yahoo.com, vnsc.cdu@gmail.com
www.vnsc.edu.bd
Phone- 58310500

একাদশ শ্রেণিতে (২০২০-২০২১ শিক্ষাবর্ষে)

ভর্তি ফরম জমা দেওয়ার সময়সূচী

নং	শাখা	বিভাগ	তারিখ ও সময়
০১	মূল শাখা	বিজ্ঞান (বাংলা মাধ্যম)	২৬ সেপ্টেম্বর ২০২০ সকাল ১০:০০ থেকে বিকাল ৪:০০ পর্যন্ত
	বসুন্ধরা শাখা	বিজ্ঞান (বাংলা মাধ্যম) ব্যবসায় শিক্ষা (বাংলা মাধ্যম)	
০২	মূল শাখা	বিজ্ঞান (বাংলা মাধ্যম)	২৭ সেপ্টেম্বর ২০২০ সকাল ১০:০০ থেকে বিকাল ৪:০০ পর্যন্ত
	বসুন্ধরা শাখা	বিজ্ঞান (বাংলা মাধ্যম) ব্যবসায় শিক্ষা (বাংলা মাধ্যম)	
০৩	মূল শাখা	বিজ্ঞান (ইংরেজি মাধ্যম) মানবিক (বাংলা মাধ্যম) ব্যবসায় শিক্ষা (বাংলা মাধ্যম)	২৮ সেপ্টেম্বর ২০২০ সকাল ১০:০০ থেকে বিকাল ৪:০০ পর্যন্ত

ভর্তি ফরমের সাথে নিম্নলিখিত কাগজপত্র জমা দিতে হবে:

- অনলাইন হতে প্রিন্টকৃত ভর্তি ফরমের প্রতিটি কলাম যথাযথ পূরণ করতে হবে।
- সদ্য তোলা ২ (দুই) কপি পাসপোর্ট সাইজ ছবি।
- বোর্ড রেজিস্ট্রেশনের জন্য তথ্য ফরম।
- এস.এস.সি. পরীক্ষার প্রবেশপত্রের ফটোকপি।
- অনলাইনে প্রদানকৃত বেতন রশিদের প্রিন্ট কপি।
- ভিএনএসসি থেকে এস.এস.সি. পরীক্ষায় কৃতকার্য ছাত্রীদের ০১ কপি রেজাল্ট সিট। (অনলাইন থেকে প্রাপ্ত)
- মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট (শুধুমাত্র বহিরাগত ছাত্রীদের জন্য প্রযোজ্য)
- মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে মুক্তিযোদ্ধার মূল সনদপত্রসহ (মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় থেকে প্রাপ্ত) সংশ্লিষ্ট কাগজপত্রের মূল কপি আনতে হবে এবং সত্যায়িত কপি জমা দিতে হবে।

বি. দ্র. ভর্তি ফরম স্ব স্ব শাখায় জমা দিতে হবে। উল্লেখ্য যে, ভর্তি ফরম জমা দেওয়ার সময় ছাত্রীর উপস্থিতি বাধ্যতামূলক নয়।

প্রফেসর ফওজিয়া
অধ্যক্ষ
ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ
২০/৯/২০২০

ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ

১/এ, নিউ বেইলী রোড, রমনা, ঢাকা-১০০০

শিক্ষাবর্ষ: ২০২০-২০২১

ছাত্রীর ১ কপি পাসপোর্ট সাইজ ছবি আঠা দিয়ে সংযুক্ত করতে হবে। (কলেজ ড্রেস পরিধান করে)

বোর্ড রেজিষ্ট্রেশনের জন্য তথ্য ফরম

শিক্ষার্থীর আইডি: .... এসএমএস মোবাইল নং: ....

শিক্ষার্থীর নাম: ....

এস.এস.সি. রোল: .... এস.এস.সি. রেজিষ্ট্রেশন: ....

বিজ্ঞান শাখা	☐	মানবিক শাখা	☐	ব্যবসায় শিক্ষা শাখা	☐	নিজ জেলা		ধর্ম	

আবশ্যিক বিষয়সমূহ ঃ ১) বাংলা ২) ইংরেজি ৩) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (সকল বিভাগের জন্য প্রযোজ্য)

বিজ্ঞান শাখা

'ক' গুচ্ছ: ঐচ্ছিক বিষয় (যে কোন ৩টি)		'খ' গুচ্ছ: ৪র্থ বিষয় (যে কোন ১টি)	
পদার্থ বিজ্ঞান	☐	উচ্চতর গণিত	☐
রসায়ন বিজ্ঞান	☐	জীববিজ্ঞান	☐
উচ্চতর গণিত	☐	পরিসংখ্যান	☐
জীববিজ্ঞান	☐		

মানবিক শাখা

'ক' গুচ্ছ: ঐচ্ছিক বিষয় (যে কোন ৩টি)				'খ' গুচ্ছ: ৪র্থ বিষয় (যে কোন ১টি)			
ইতিহাস	☐	পৌরনীতি ও সুশাসন	☐	পৌরনীতি ও সুশাসন	☐	অর্থনীতি	☐
অর্থনীতি	☐	যুক্তিবিদ্যা	☐	ভূগোল	☐	যুক্তিবিদ্যা	☐
সমাজবিজ্ঞান	☐	ভূগোল	☐	সমাজবিজ্ঞান	☐	ইসলাম শিক্ষা	☐
				মনোবিজ্ঞান	☐	পরিসংখ্যান	☐
				গার্হস্থ্য অর্থনীতি	☐	ইতিহাস	☐

ব্যবসায় শিক্ষা শাখা

'ক' গুচ্ছ: ঐচ্ছিক বিষয় (যে কোন ৩টি)				'খ' গুচ্ছ: ৪র্থ বিষয় (যে কোন ১টি)			
হিসাব বিজ্ঞান	☐	ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা	☐	ফিন্যান্স ব্যাংকিং ও বিমা	☐	উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন	☐
ফিন্যান্স ব্যাংকিং ও বিমা	☐	উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন	☐	পরিসংখ্যান	☐		

....

ছাত্রীর/অভিভাবকের স্বাক্ষর

বি. দ্র. অবশ্যই নির্বাচিত বিভাগ ও বিষয়ের পাশে টিক (☑) অথবা ক্রস (☒) চিহ্ন দিতে হবে।

ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ

১/এ. নিউ বেইলী রোড, রমনা, ঢাকা-১০০০

শিক্ষাবর্ষ: ২০২০-২০২১

উচ্চ মাধ্যমিক শাখার তথ্যপত্র, সাধারণ বিবরণী ও ভর্তির নিয়মাবলী

১। ভর্তি ফরমের সাথে নিম্নলিখিত কাগজপত্র প্রয়োজন হবে:

- ➢ অনলাইন হতে প্রিন্টকৃত ভর্তি ফরমের প্রতিটি কলাম যথাযথ পূরণ থাকতে হবে।
- ➢ ছাত্রীর সদ্য তোলা ২ (দুই) কপি পাসপোর্ট সাইজ ছবি।
- ➢ বোর্ড রেজিস্ট্রেশনের জন্য তথ্য ফরম।
- ➢ এস.এস.সি. পরীক্ষার প্রবেশপত্রের ফটোকপি।
- ➢ অনলাইনে প্রদানকৃত বেতন রশিদের প্রিন্ট কপি।
- ➢ ভিএনএসসি থেকে এস.এস.সি. পরীক্ষায় কৃতকার্য ছাত্রীদের ০১ কপি রেজাল্ট সিট। (অনলাইন থেকে প্রাপ্ত)
- ➢ মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট (শুধুমাত্র বহিরাগত ছাত্রীদের জন্য প্রযোজ্য)
- ➢ মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে মুক্তিযোদ্ধার মূল সনদপত্রসহ (মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় থেকে প্রাপ্ত) সংশ্লিষ্ট কাগজপত্রের মূল কপি আনতে হবে এবং সত্যায়িত কপি জমা দিতে হবে।

২। পাঠ্যক্রম: আবশ্যিক বিষয়সমূহ ঃ ১) বাংলা ২) ইংরেজি ৩) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (সকল বিভাগের জন্য প্রযোজ্য)

	বিজ্ঞান শাখা	মানবিক শাখা	ব্যবসায় শিক্ষা শাখা
'ক' গুচ্ছ ঐচ্ছিক বিষয় (যে কোন ৩টি)	পদার্থ বিজ্ঞান, রসায়ন বিজ্ঞান, উচ্চতর গণিত/ জীব বিজ্ঞান	ইতিহাস, পৌরনীতি ও সুশাসন, অর্থনীতি, যুক্তিবিদ্যা, সমাজবিজ্ঞান, ভূগোল	ব্যবসায় সংগঠন, ও ব্যবস্থাপনা, হিসাব বিজ্ঞান, ফিন্যান্স ব্যাংকি ও বিমা, উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন
'খ' গুচ্ছ ৪র্থ বিষয় (যে কোন ১টি)	উচ্চতর গণিত, জীব বিজ্ঞান, পরিসংখ্যান	পৌরনীতি ও সুশাসন, অর্থনীতি, ভূগোল, যুক্তিবিদ্যা, সমাজবিজ্ঞান, ইসলাম শিক্ষা, মনোবিজ্ঞান, পরিসংখ্যান, গার্হস্থ্য অর্থনীতি, ইতিহাস।	ফিন্যান্স ব্যাংকি ও বিমা, উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন, অর্থনীতি , ভূগোল, পরিসংখ্যান।

বিশেষ দ্রষ্টব্য:
'খ' গুচ্ছ থেকে জীব বিজ্ঞান/ পরিসংখ্যান গ্রহণ করতে হবে, যদি 'ক' গুচ্ছ থেকে গণিত তৃতীয় বিষয় নেওয়া হয় এবং খ' গুচ্ছ থেকে গণিত ঐচ্ছিক বিষয় হিসেবে গ্রহণ করতে হবে, যদি 'ক' গুচ্ছ থেকে জীব বিজ্ঞান তৃতীয় বিষয় নেওয়া হয়। মানবিক ও ব্যবসায় শিক্ষা বিভাগে দুটি গুচ্ছ থেকে একই বিষয় নেওয়া যাবে না।

৩। **পোশাকঃ**
আকাশী নীল রঙের কলার সহ কামিজ, আকাশী রঙের বেল্ট, সাদা ভাজঁকরা ওড়না, সাদা সালোয়ার, সাদা সেমিজ, সাদা মোজা ও নীল (বাটা) কেডস। শীতকালে নেভি ব্লু রঙের কার্ডিগান পরতে হবে।
নির্ধারিত রঙ ও মাপ অনুসারে পোশাক পরতে হবে। এক্ষত্রে পোশাকের হাতা অথবা পোশাকের দৈর্ঘ্য ছোট করা যাবে না। প্রতিদিন ছাত্রীদের ব্যাজ, আইডি কার্ডসহ নির্দেশিত পোশাক পরে আসতে হবে।

৪। **কলেজের সময় সূচি: সকাল ৮:৩০ টা হতে দুপুর ২:০০টা পর্যন্ত (সাপ্তাহিক ছুটি: শুক্রবার ও শনিবার)**
(কর্তৃপক্ষ এ সময়সূচি প্রয়োজনে পরিবর্তন করার অধিকার রাখে।)

৫। **অনুপস্থিতি:**
কোন কারণে অনুপস্থিত থাকতে হলে ছাত্রীকে পূর্ব: অনুমতি নিতে হবে আকস্মীক ক্ষেত্রে সঠিক কারণ দেখিয়ে ছুটি অনুমোদনের জন্য শ্রেণি শিক্ষকের মাধ্যমে অধ্যক্ষের কাছে আবেদন করতে হবে। অসুস্থতা জনিত কারণে তিন দিন কিংবা তার অধিক অনুপস্থিতির ক্ষেত্রে চিকিৎসার প্রত্যয়নপত্র সংযুক্ত করতে হবে। ৫ (পাঁচ) দিনের বেশি অনুপস্থিত থাকলে অভিভাবককে উপস্থিত হয়ে কারণ দর্শাতে হবে। তবে সর্ব অবস্থায় প্রতি শিক্ষাবর্ষে প্রতিটি ছাত্রীর ৮৫% উপস্থিতি বাধ্যতামূলক। অত্যন্ত ব্যতিক্রমী ক্ষেত্র ছাড়া ১ম বর্ষের কোন ছাত্রীর উপস্থিতি ৮৫% এর কম হলে তাকে দ্বিতীয় বর্ষে উত্তীর্ন করা হবে না। আর ২য় বর্ষের কোন ছাত্রীর উপস্থিতি কম হলে তাকে টেস্ট পরীক্ষার জন্য অনুমোদন দেওয়া হবে না। এছাড়া উক্ত অনুপস্থিতির জন্য ছাত্রীকে Non Collegiate করা হবে। অভিভাবকবৃন্দকে এই বিষয়টির প্রতি বিশেষভাবে সচেতন থাকতে অনুরোধ করা হলো।

৬। **অধ্যক্ষের সঙ্গে সাক্ষাৎ করার সময়:** রবিবার থেকে বৃহস্পতিবার (সকাল ১০:৩০ টা হতে দুপুর ১২:০০টা) পর্যন্ত, বিশেষ প্রয়োজনে পূর্বানুমতি সাপেক্ষে অন্য সময়ও সাক্ষাত করা যেতে পারে। শ্রেণি শিক্ষক ও বিষয় শিক্ষকের মাধ্যমে অধ্যক্ষের সঙ্গে সাক্ষাৎ করতে হবে।
এছাড়াও প্রতি মঙ্গলবার দুপুর ২:০০টা থেকে ২:৩০ মিনিট পর্যন্ত শ্রেণি শিক্ষক ও বিষয় শিক্ষকগণের সাথে অভিভাবকবৃন্দ সাক্ষাৎ করতে পারবেন।

৭। **মূল্যায়ন পদ্ধতি:** একাদশ শ্রেণির শিক্ষাবর্ষে অনুষ্ঠিতব্য পরীক্ষা সমূহ:
কুইজ পরীক্ষা: প্রতি মাসের শেষ সপ্তাহ, শ্রেণি পরীক্ষা: সেপ্টেম্বর, অর্ধ-বার্ষিক পরীক্ষা: ডিসেম্বর, বার্ষিক পরীক্ষা: মার্চ

৮। **বেতন পরিশোধের নিয়ম:**
ভর্তির সময় প্রতিষ্ঠানের নির্ধারিত অন্যান্য ফিসের সঙ্গে এক মাসের বেতন পরিশোধ করতে হবে। পরবর্তীতে প্রতিমাসের বেতন নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে পরিশোধ করতে হবে।

৯। বিবাহিত ছাত্রী এই প্রতিষ্ঠানে ভর্তির জন্য যোগ্য নয়। যদি কোন ছাত্রী শিক্ষাবর্ষের মধ্যে বিবাহ বন্ধনে আবদ্ধ হয়, তবে তাকে ট্রান্সফার সার্টিফিকেট প্রদান করা হবে।

১০। **কলেজ শাখার ছাত্রীদের নিম্নলিখিত নিয়মাবলি অবশ্যই পালন করতে হবেঃ**

- ✪ প্রত্যেক ছাত্রী সকাল ৮:৩০ টা এর মধ্যে অনুমোদিত পোশাক পরে প্রতিষ্ঠানে উপস্থিত হবে এবং নির্দিষ্ট সময়ে ছুটির পর বাড়ি যাবে।
- ✪ নির্ধারিত সময়ে প্রতিষ্ঠানে প্রবেশ না করলে গেইট বন্ধ করে দেওয়া হবে। গেইট বন্ধ হয়ে গেলে অভিভাবকের সঙ্গে বাড়ি ফিরে যেতে হবে।
- ✪ যাদের কলেজ ছুটির পরে ব্যবহারিক ক্লাস থাকবে তারা ব্যবহারিক ক্লাস শেষে বাড়ি যাবে। কোন ছাত্রী নিয়মিত ক্লাসে না এসে শুধু ব্যবহারিক ক্লাসে আসতে পারবে না।
- ✪ নির্ধারিত ক্লাস চলাকালীন সময়ে ক্লাসের বাইরে অবস্থান করা যাবে না। ক্লাস না করা গুরুতর অপরাধ হিসেবে গণ্য করা হবে। কোন ছাত্রী যদি কলেজে উপস্থিত থেকে ক্লাস ফাকি দেয় তবে শাস্তি স্বরুপ প্রতি ক্লাসের জন্য তার ২ দিন হাজিরা কাটা যাবে। পরবর্তী সময়ে নন কলেজিয়েট সাব্যস্থ হলে সেই বিধি অনুসারে ব্যবস্থা নেয়া হবে।
- ✪ যে সকল ছাত্রী নিজস্ব গাড়িতে আসা যাওয়া করবে তারা মূল গেইট থেকে কিছু দূরে নামবে এবং ছুটির পর সময়মত নির্ধারিত স্থান থেকে গাড়িতে উঠবে। কোন অবস্থাতেই গাড়ি রাস্তায় দাঁড়িয়ে থাকতে পারবে না। গাড়ি পাকিং এর প্রয়োজন হলে স্কুলের নির্ধারিত বেইজমেন্টে পার্কিং করতে হবে।
- ✪ ক্লাস চলাকালীন সময়ে কোন ছাত্রী ক্লাসের বাইরে, সামনের প্রাঙ্গণে, বারান্দা, ক্যান্টিনে ঘোরাফেরা করবে না।
- ✪ অধ্যক্ষের কক্ষের সামনে ঘোরাফেরা করবে না।
- ✪ প্রতিটি ছাত্রীকে কলেজে প্রতিদিন উপস্থিত হতে হবে। অনিবার্য কারণ ছাড়া বিনা দরখাস্তে কোন ছাত্রী অনুপস্থিত থাকতে পারবে না । কোন কারণে অনুপস্থিত থাকলে পরবর্তী দিন অভিভাবকের স্বাক্ষরসহ আবেদনপত্র শ্রেণি শিক্ষকের নিকট জমা দেবে।
- ✪ কানের নিচের অংশে ছোট রিং ছাড়া অন্য কোন গহনা পরে আসা যাবে না। যাদের চুল লম্বা তারা দুই বেণী করবে এবং যাদের চুল ছোট তারা কালো সুরু ব্যান্ড / সাদা ফিতা ব্যবহার করবে। হাতের নখ ছোট রাখতে হবে এবং নেইল পলিশ ব্যবহার করা চলবে না। চুলে রং করা যাবে না, কোন ছাত্রীর চুল রং করা থাকলে রং না ওঠানো পর্যন্ত প্রতিষ্ঠানে প্রবেশের অনুমতি দেয়া হবে না। নাকফুল পরা যাবে না। ভ্রু প্লাক করা যাবে না।
- ✪ কোন ছাত্রী ক্যাম্পাসে ব্যাগ, বই ছাড়া অন্য কোন ক্যাসেট, সিডি, ফ্লপি, পেনড্রাইভ, মোবাইল ফোন এবং ক্যামেরা আনতে পারবে না। এ সমস্থ জিনিস পাওয়া গেলে তা ফেরতে দেওয়া হবে না এবং শাস্তি স্বরূপ আর্থিক জরিমানা করা হবে এবং গুরুতর ক্ষেত্রে টি.সি. দেওয়া হবে।
- ✪ ক্লাস চলাকালীন কেউ অসুস্থ হলে শ্রেণি শিক্ষকের লিখিত অনুমতিক্রমে 'সিক রুম' ব্যবহার করতে পারবে।
- ✪ বিনা অনুমতিতে প্রতিষ্ঠানের টেলিফোন ব্যবহার করা যাবে না।
- ✪ অনিবার্য কারণবশত কেউ ছুটির আগে বাসায় যেতে চাইলে সমন্বয়কারী /শ্রেণি শিক্ষকের অনুমতি নিয়ে কলেজের সিলযুক্ত অনুমতিপত্র গেইটে অবসথানরত দারোয়ানকে দেখিয়ে অভিভাবকের সঙ্গে বাড়ি যেতে পারবে।
- ✪ বিনা অনুমতিতে টিচার্স রুমে প্রবেশ করা নিষেধ এবং টিফিন পিরিয়ডে কোন ক্রমেই টিচার্স রুমে ছাত্রীরা প্রবেশ করতে পারবে না।
- ✪ ছাত্রীদের যেকোন সমস্যা শ্রেণি শিক্ষকগণের সঙ্গে যোগাযোগ করে সমাধান করতে হবে।
- ✪ ইউনিফর্ম পরিহিত অবস্থায় কোন ছাত্রী অভিভাবক ছাড়া কোন দোকানে বা অন্য কোথাও যাবে না।
- ✪ টিফিন পিরিয়ডের আগে কোন অবস্থাতেই ছাত্রীরা ক্যান্টিনে যাবে না, টিফিন খেয়ে পরিত্যক্ত জিনিস নির্দিষ্ট ডাস্টবিনে ফেলবে।
- ✪ প্রতিষ্ঠান ছুটির আগে কোন অবস্থাতেই ছাত্রীরা ব্যাগ নিয়ে গেইটের সামনে যাবে না।
- ✪ অভিভাবক কোন ছাত্রীকে কলেজ গেইটে রেখে যাবার পর যদি ক্লাসে না যেয়ে সে বাইরে চলে যায় এবং ছুটির সময় পুনরায় ফিসে আসে অথবা কোন গেইট দিয়ে গোপনে বাইরে চলে যায় এবং কর্তৃপক্ষের নজরে আসে সেক্ষেত্রে তাকে তৎক্ষনাৎ টি.সি. দেওয়া হবে।
- ✪ কলেজের শিক্ষার্থীদেরকে কলেজে আসা যাওয়ার জন্য কলেজের নির্ধারিত গেইট ছাড়া অন্য কোন গেইট দিয়ে আগমন ও প্রস্থান করা যাবে না।
- ✪ কোন ছাত্রী সামাজিক যোগাযোগ মাধ্যম বা অন্য কোন ডিজিটাল প্লাটফর্মে প্রতিষ্ঠান বা শিক্ষকদের সম্পর্কে কোন বিরূপ মন্তব্য করলে তা শাস্তিযোগ্য অপরাধ হিসাবে পরিগণিত হবে।

ক্লাব কার্যক্রমে অংশগ্রহণের নিয়ম

- ✪ বিজ্ঞান ক্লাব, বিতর্ক ক্লাব, ইংলিশ ল্যাংগুয়েজ ক্লাব, পরিবেশ ক্লাব ও সাংস্কৃতিক কার্যক্রমে কেউ সদস্য হলে তারা ক্লাব কর্তৃপক্ষ ও শ্রেণি শিক্ষকের অনুমতি নিয়ে সদস্য কার্ড দেখিয়ে ক্লাবের কাজে যেতে পারবে এবং ক্লাবের ভিতরে থাকবে। বিভিন্ন অনুষ্ঠানের জন্য শ্রেণি শিক্ষক স্বেচ্ছাসেবক নির্বাচন করবেন। বিজ্ঞান ক্লাব, বিতর্ক ক্লাব, ইংলিশ ল্যাংগুয়েজ ক্লাব, পরিবেশ ক্লাব ও সাংস্কৃতিক কার্যক্রম সক্রিয় রাখা এই প্রতিষ্ঠানে ছাত্রীদের দায়িত্ব বলে মনে করতে হবে্।
- ✪ দেশাত্মবোধ, সৌজন্যবোধ ও শিষ্টাচার ইত্যাদি অর্জনের জন্য নিয়মিত মূল্যবোধের চর্চা করতে হবে। পিতা-মাতা, গুরুজন এবং শিক্ষকের প্রতি শ্রদ্ধাবোধ থাকতে হবে, বিনয়ী হতে হবে। উল্লেখিত নিয়ম যথাযথভাবে পালনের জন্য কঠোর নির্দেশ দেওয়া হল। এ ব্যাপারে প্রত্যেক ছাত্রীকে সতর্ক থাকতে হবে।

প্রফেসর ফওজিয়া
অধ্যক্ষ
ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ